তারিখ ... 1[illegible] JUN 2017
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দৈনিক জনকণ্ঠ

# হামদর্দ পাবলিক কলেজের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

হামদর্দ পাবলিক কলেজের ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ১৩ জুন ২৩/জি/৭, পান্থপথের কলেজ অডিটরিয়ামে এক আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ-এর চীফ মোতাওয়াল্লি ও ব্যবস্থাপনা পরিচালক এবং হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ ও হামদর্দ পাবলিক কলেজ-এর প্রতিষ্ঠাতা ড. হাকীম মোঃ ইউছুফ হারুন ভূঁইয়া। কলেজের গবর্নিং কমিটির সভাপতি হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্ফ) বাংলাদেশ-এর মোতাওয়াল্লি ও সিনিয়র পরিচালক বিপণন ড. হাকীম রফিকুল ইসলাম-এর সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন হামদর্দের পরিচালক তথ্য ও গণসংযোগ কাজী মনসুর-উল-হক, পরিচালক অর্থ ও হিসাব মোঃ আনিসুল হক, পরিচালক হামদর্দ ফাউন্ডেশন লে. কর্নেল মাহবুবুল আলম চৌধুরী (অব), পরিচালক বিক্রয় মোঃ সাইফ উদ্দিন মুরাদ ভূঁইয়াসহ, কলেজের অধ্যক্ষ প্রফেসর সাদেকুর রহমান মজুমদার, শিক্ষক-শিক্ষিকাসহ ছাত্র-ছাত্রীবৃন্দ। -বিজ্ঞপ্তি